

## সমষ্টি উন্নয়ন আধিকারিকের করন

বঙ্গবঙ্গ ২নং উন্নয়ন সমষ্টি

দক্ষিণ ২৪ পরগনা

মেমো নম্বর: ২৬০৬

তারিখ: ২৮/০৯/২০২২

### বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীন স্বাস্থ্যমিশন এর ২৭.০৬.২০১২ তারিখের পত্র নম্বর: HFW/NRHM20/2006/(Part-II)/1631এর আদেশনামা অনুযায়ী দক্ষিণ ২৪ পরগনা জেলার আলিপুর সদর মহকুমার অন্তর্গত বঙ্গবঙ্গ ২নং ব্লকের নিম্নলিখিত উপস্বাস্থ্যকেন্দ্রের (সংযোজনী-৩ দ্রষ্টব্য) Accredited Social Health Activist (ASHA) নিয়োগের উদ্দেশ্যে ঐ এলাকার অন্তর্গত গ্রামগুলিতে মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

#### শর্তাবলী:-

- ১) কেবলমাত্র বিবাহিতা/বিধবা/আদালত কর্তৃক ডিক্রিমুলে বিবাহ বিচ্ছিন্না মহিলারাই আবেদন করতে পারবেন।
- ২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট পরিষেবা প্রদানের এলাকার বাসিন্দা হতে হবে।
- ৩) সাধারণ প্রার্থীর বয়স ০১/০১/২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি,তপশিলী উপজাতিভুক্ত প্রার্থীদের বয়ঃসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- ৪) প্রার্থীকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে,মাধ্যমিক বা সমতুল্য অনুত্তীর্ণ প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন।উচ্চতর শিক্ষাগত যোগ্যতারপ্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন, এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে।উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার মূল্যায়নের কোনো সুবিধা থাকবে না।
- ৫) গ্রেডওয়ান এবং গ্রেড টু, স্বনির্ভরগোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণপ্রাপ্ত দাই, লিংক ওয়ার্কারগন সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার পাবেন।
- ৬) যদি কোনো এলাকার ৫০ শতাংশ বেশি জনসংখ্যা তপশিলী জাতি / উপজাতি ভুক্ত হয়, তবে সেই এলাকায় পরিষেবা প্রদানের জন্য তপশিলী জাতি / উপজাতি ভুক্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। এটা উল্লেখ থাকে যে, তপশিলী জাতি / উপজাতির প্রার্থীরা ন্যূনতম আবাসিক যোগ্যতা এবং অন্যান্য যোগ্যতা পূরণ করলে তবেই তারা এই অগ্রাধিকার পাবেন। যদি তপশিলী জাতি / উপজাতি ভুক্ত আবেদনকারীদের মধ্যে থেকে উপযুক্ত প্রার্থী উক্ত পদের জন্য উপলব্ধ না হয় তাহলে ঐ এলাকায় পরিষেবা প্রদানের জন্য যোগ্য সাধারণ প্রার্থী /প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে। উক্ত পদের নির্বাচনের ক্ষেত্রে তপশিলী জাতির / উপজাতির জন্য কোনো সংরক্ষন নেই। কেবল অগ্রাধিকার দেওয়া হবে (স্মারক নং -HFW-27011/375/2018-NHM SEC-Dept of H&FW-Part2)।
- ৭) একজন আবেদনকারী কেবলমাত্র একটি আবেদনপত্র জমা দিতে পারবেন। একের অধিক আবেদন করলে তার সমস্ত আবেদনপত্র বাতিল বলে গন্য করা হবে।
- ৮) উল্লেখ থাকে যে,জনস্বার্থে পরবর্তীতে পরিষেবা প্রদান এলাকার পুনর্বিন্যাস হলে সংশ্লিষ্ট আশা কর্মীর কাজের ক্ষেত্রেও পুনর্বিন্যাস হতে পারে।

৯) আবেদনকারীর সঙ্গে যে সকল প্রমাণ পত্রের স্ব-প্রত্যায়িত প্রতিলিপি অবশ্যই জমা করতে হবে তা নিচে দেওয়া হল:-

ক) বয়সের প্রমাণপত্র হিসাবে জন্মশংসাপত্র / মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড।

খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয়পত্র(EPIC)এবং রেশনকার্ড।

গ) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃপক্ষের দেওয়া জাতিগতপ্রমাণপত্র (তপশিলী জাতি, তপশিলী উপজাতির ক্ষেত্রে)।

ঘ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশীট।

ঙ) উপযুক্ত পশ্চিমবঙ্গ সরকার কর্তৃপক্ষের দেওয়া গ্রেড-১ ও গ্রেড-২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য/ প্রশিক্ষণ প্রাপ্তদাই এবং লিংক ওয়ার্কার প্রমাণপত্র। (প্রযোজ্য হলে)।

চ) বিবাহিতপ্রার্থীর ক্ষেত্রে বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র অথবা বিবাহের যে কোন শংসাপত্র, বিবাহ বিচ্ছিন্না প্রার্থীর ক্ষেত্রে প্রাসঙ্গিক আইনি প্রমাণপত্র, বিধবা প্রার্থীর ক্ষেত্রে তাঁর স্বামীর মৃত্যুর শংসাপত্র জমা দেওয়া প্রয়োজন।

ছ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ(রঙীন) ফটো। ১ কপি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আটকে দিতে হবে।

জ) ৫ টাকা ডাক টিকিট সহ নিজের নাম ঠিকানা লেখা একটি খাম।

ঝ) সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নং,ক্রমিক নং-এর নকল।

১০) শংসাপত্র গুলির মধ্যে যে কোনো একটি আবেদনপত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। ইন্টারভিউ এর সময় প্রার্থীকে অবশ্যই [ক থেকে চ] তে উল্লেখিত প্রমাণপত্রগুলির আসল দেখাতে হবে।

১১) যে সকল নথিগুলি আবেদনকারীর সময় আবেদনপত্রের সাথে জমা দেওয়া হবে না সেগুলি পরে জমা দিলে গৃহীত হবে না।

১২) আবেদনপত্রটি খামে ভরে সংশ্লিষ্ট বি.ডি.ও অফিসের ঠিকানায় জমা দিতে হবে। খামের উপরে নিম্নলিখিত তথ্যাবলী অবশ্যই লিখতে হবে।

"APPLICATION FOR THE POST OF ASHA FOR

..... VILLAGE /AREA

UNDER.....HEALTH SUB CENTRE"

To

The

Office of the Block Development Officer

Budge Budge-II Development Block

(Respective Block)

Village: Dongaria

P.O: Dongaria

P.S: Nodakahali

Dist: South 24 Parganas

PIN-743318

১৩) আবেদনপত্র জমা দেওয়ার স্থান:- সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করন/(B.D.O)অফিসে সরাসরি আবেদনপত্র জমা দেওয়া যাবো।ডাকযোগে(স্পীড পোস্ট /রেজিষ্টার পোস্ট) প্রেরিত আবেদন গ্রাহ্য হবে, তবে তা নিম্নলিখিত সময়সীমার মধ্যে পৌছতে

হবে।

১৪) আবেদনপত্র জমা দেবার তারিখ: ২৮/০৯/২০২২ থেকে ২৯/১০/২০২২ পর্যন্ত ,সকাল ১১ টা থেকে বিকেল ৪ (চার) টা অবধি। (রবিবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত)।

১৫) আবেদনপত্রের সাথে জমা দেওয়া নথিগুলির মধ্যে কোনরকম তুল / অসংগতি চিহ্নিত হলে আবেদনপত্রটি নির্বাচন প্রক্রিয়ার যে কোন পর্যায়ে বাতিল হয়ে যাবে। এর জন্য সংশ্লিষ্ট ব্লককর্তৃপক্ষ আবেদনকারীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

১৬) উপরিউক্ত শর্তপূরণকারী প্রার্থীদের ইন্টারভিউ এর তারিখ, সময় ও স্থান একটি উল্লেখিতপত্র, যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।

১৭) অসম্পূর্ণ অথবা ত্রুটিপূর্ণ আবেদন খারিজ করা হবে এবং পরবর্তীকালে কোনোরকম অনুরোধ -উপরোধ গ্রাহ্যকরা হবে না।

১৮) নির্বাচনের পদ্ধতি - ক) মাধ্যমিকপরীক্ষা অথবা সমতুল্য অন্যান্য পরীক্ষাতে মোটপ্রাপ্ত নম্বর (৯০ শতাংশ মূল্যায়ন) ,

খ) ইন্টারভিউ এ প্রাপ্তনম্বর (১০ শতাংশ মূল্যায়ন)

১৯) আবেদনপত্রটি সংযোজনী - ১, সংযোজনী -২ (স্ব-ঘোষণাপত্র) এবং উপস্বাস্থ্যকেন্দ্র ভিত্তিক ASHA-দের শূন্যপদের তালিকা সংযোজনী -৩ এ উল্লেখিত হল।

:সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ের ঠিকানা-

বজবজ ২নং সমষ্টি উন্নয়ন আধিকারিক  
গ্রাম - ডোঙাড়িয়া  
পোঃ - ডোঙাড়িয়া  
থানা- নোদাখালী  
পিন- ৭৪৩৩ ১৮  
জেলা - দক্ষিণ ২৪ পরগণা

মেমো নম্বর : ২৮০৩/১ (৭)

তারিখ: ২৮/০৯/২০২২

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল:-

- ১) জেলা শাসক ও জেলা সমাহর্তা, দক্ষিণ ২৪ পরগণাতথা চেয়ারপার্সন, আশা নির্বাচনকমিটি দক্ষিণ ২৪ পরগণা।
- ২) মহকুমা শাসক, সদর মহকুমা, দক্ষিণ ২৪ পরগণা তথা মেম্বার সেক্রেটারি, আশা নির্বাচন কমিটি, সদর মহকুমা।
- ৩) ডি. পি. এইচ. এন. ও, দক্ষিণ ২৪ পরগণা।
- ৪) ডি পি. ও. (আই সি. ডি. এস.), দক্ষিণ ২৪ পরগণা।
- ৫) ব্লক স্বাস্থ্য আধিকারিক বজবজ-২, দক্ষিণ ২৪ পরগণা।
- ৬) প্রধান (গ্রাম পঞ্চায়েত), (সমস্ত) বজবজ ২নং ব্লক।
- ৭) ডি. আই .ও.-এন.আই.সি, আলিপুর ,দক্ষিণ ২৪ পরগণা- ওফিসিয়াল ওয়েবসাইট-এ আপলোড করার জন্য প্রেরণ করা হল।

বজবজ ২নং  
সমষ্টি উন্নয়ন আধিকারিক  
উন্নয়ন সমষ্টি বজবজ ২নং ব্লক  
দক্ষিণ ২৪ পরগণা

## দক্ষিণ ২৪ পরগণা ASHA পদেরআবেদনপত্র - ২০২২

For Office Use Only Received On ...../...../ 2022			প্রার্থীরপাসপোর্টমাপেরসাম্প্রতিকস্বাক্ষরসহরঙীনছবি আঠা দিয়ে লাগান। (পিন/স্টেপল / সেলাইকরবেন না)	
Block / GP Code/ Sansad / SI No. _____/_____/_____/_____	প্রতি সমষ্টিউন্নয়নআধিকারিক, □□□□□□-১ সমষ্টি□□□□□□রক এতদ্বারা □□□□□ বিবৃত বিশদ ও সংলগ্নীকৃতনথিসহআমারআবেদনপত্র দাখিল করছি।			
আবেদনকারীরনাম :	গ্রাম পঞ্চায়েতেরনাম :		উপস্বাস্থ্যকেন্দ্রের নাম :	
জন্মতারিখ : DD/MM/YYYY	বয়স (০১.০১.২০২২ - এর ভিত্তিতে : ..... বছর .....মাস. ....দিন)			
স্বামী :-	পিতা :-			
সাধারণবসবাসের ঠিকানা	গ্রাম :-	পোঃ-		
	থানা :-	জেলা :-	পিন :-	
মোবাইলনংআধার কার্ড নং:-				
বৈবাহিক স্থিতি(প্রযোজ্যস্থানে✓ চিহ্ন দিন)	বিবাহিতাবিবাহ	বিচ্ছিন্ন	বিধবা	
উপস্বাস্থ্যকেন্দ্র হতেবসবাস ঠিকানারদূরত্ব(কি. মি.) :-				
SC/ST (প্রযোজ্যহলে)		Ration Cardনং		
০১/০১/২০২২ তারিখেসাম্প্রতিক ভোটার লিস্টঅনুসারে	সচিত্রপরিচয়পত্রনং	অংশ নং	ক্রমিক নং	
আবেদনকারীর				
স্বামীর				
পিতা				
মাধ্যমিক বা সমতুলপরীক্ষার বিশদ বিবরণ (অতিরিক্ত বিষয় ছাড়া) :-				
পরীক্ষারনাম	বোর্ডপরীক্ষায়বসাবৎসর	মোটনম্বরপ্রাপ্তনম্বরশতকরা (%)		
<b>নিম্নলিখিতস্ব-প্রত্যয়িতনকলআবেদনপত্রেরসাথেসংযোজনকরা হল</b>				
১) অ্যাডমিটকার্ডেরজন্যপ্রার্থীরস্বাক্ষরসহসাম্প্রতিকরঙীনপাসপোর্টছবি।				
২) ৫ টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম।				
৩) মাধ্যমিক বা সমতুলপরীক্ষারঅ্যাডমিট / জন্ম তারিখেরশংসাপত্র।				
৪) মাধ্যমিক বা সমতুলপরীক্ষারমার্কশীট।				
৫) নির্বাচনপরিচয়পত্র (EPIC Card)এবং রেশন কার্ড।				
৬) বিবাহ নিবন্ধীকরণশংসাপত্র/ বিবাহ বিচ্ছিন্ন প্রাসঙ্গিক আইনিপ্রমাণপত্র/ স্বামীরমৃত্যুরশংসাপত্র (যেটিপ্রযোজ্য)।				
৭) SC/ST শংসাপত্র (প্রযোজ্যহলে)।				
৮) স্ব-নির্ভরগোষ্ঠী / প্রশিক্ষনপ্রাপ্তদাইএবং লিংকওয়ার্কার এর শংসাপত্র।				
৯) সাম্প্রতিক ভোটার তালিকারবর্তমান অংশ নং, ক্রমিক নং - এর নকল।				
<b>ঘোষণা</b>				
আমিপুর্ণ □□□□□ ও বিশ্বাসসহ ঘোষণা করছি যে, উপরিবর্ণিততথ্যাদির প্রমাণনথিমূলসত্য। কোনতথ্যভবিষ্যতে মিথ্যা প্রমাণিতহলেআমারআবেদনপত্র, তা সে যে অবস্থাতেইথাকুক, বাতিল বলে গণ্য হবেএবংআমি কোনঅসাধু প্রভাবখাটানোর চেষ্টা করলেকর্তৃপক্ষআমারপ্রার্থীপদ খারিজকরে দিতেপারেন।				
স্থান ও তারিখ :				
আবেদনকারীরপূর্ণস্বাক্ষর				

## আবেদনকারী বৈবাহিক অবস্থার জন্য স্ব-ঘোষণা (বিবাহিতা / বিধবা / বিবাহ বিচ্ছিন্না)

আমি শ্রীমতি \_\_\_\_\_ পিতা / স্বামী \_\_\_\_\_

\_\_\_\_\_ (এলাকা) অধীন \_\_\_\_\_ উপ স্বাস্থ্য কেন্দ্রের আশা পদের জন্য  
আবেদন করছি।

আমি এতদ্বারা ঘোষণা করছি যে :-

১) আমি \_\_\_\_\_ গ্রাম \_\_\_\_\_ পোঃ \_\_\_\_\_  
থানা \_\_\_\_\_ পিন নং \_\_\_\_\_ বাসিন্দা।২) আমি শ্রী (স্বামীর নাম) \_\_\_\_\_ পিতা \_\_\_\_\_ এর সাথে  
\_\_\_\_\_ বছর বৈবাহিক বন্ধনে আবদ্ধ আছি।

অথবা

৩) আমার স্বামী শ্রী \_\_\_\_\_ পিতা \_\_\_\_\_ পরলোক  
গমন করিয়াছেন। তার মৃত্যুর তারিখ \_\_\_\_\_।

অথবা

৪) আমার \_\_\_\_\_ বছর পূর্বে শ্রী \_\_\_\_\_ পিতা \_\_\_\_\_  
এর সাথে বিবাহ বিচ্ছেদ হয়েছে।

আমি ঘোষণা করছি যে আমার দেওয়া উপরের তথ্যাবলী আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ :

\_\_\_\_\_  
আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

**BLOCK LIST**

**Vacancy of ASHA in Budge Budge-II Block**

Vacancy No.	Name of Sub-Division	Name of Block	Name of GP	Name of Sub Centre	Service Area	Part No. of the Concerned Service Area	Total Population of the Service Area	SC Population of the Service Area	% of SC Population	ST Population of the Service Area	% of ST Population	Preference of ST/SC given, if any
1	Alipore(Sadar)	Budge Budge-II	Chakmanik	Muchisha	Chakdaulat	228	1136	341	30.01	0	0	
2	Alipore(Sadar)	Budge Budge-II	North Bawali	Chandipur	Chandipur	215	1155	0	0	0	0	
3	Alipore(Sadar)	Budge Budge-II	Dongaria Raipur	Dakshin Raipur	D.Raipur CT	262	913	0	0	0	0	
4	Alipore(Sadar)	Budge Budge-II	Gaza Poali	Poali	Baratala	230	2000	800	40	0	0	
5	Alipore(Sadar)	Budge Budge-II	Burul	Bahirkunja	Telari	261	1299	299	23.01	0	0	
6	Alipore(Sadar)	Budge Budge-II	Kamra	Deuli	Talmeria	285	1201	0	0	0	0	
7	Alipore(Sadar)	Budge Budge-II	Naskarpur	Choulkhola	Majherat	305	2311	0	0	0	0	
8	Alipore(Sadar)	Budge Budge-II	Naskarpur	Naskarpur	Naskarpur	298	915	0	0	0	0	

Signature of BDO  
Budge Budge-II Block

**Block Dev. Officer**  
Budge Budge-II Block

Counter Signed

Signature of SDO  
Alipore (Sadar) Sub-Division

**Sub-Divisional Officer**  
Sadar, Alipore,  
South 24 Parganas

Signature of BMOH  
Budge Budge II Block

**Block Medical Officer of Health**  
Budge Budge Block-II  
L.B. Dutta R. Hospital  
Muchisha, 24 Parganas (S)  
Govt. of West Bengal

Counter Signed

Signature of CMOH  
South 24 Parganas Health District

**Chief Medical Officer of Health**  
South 24 Parganas

**BLOCK LIST**

**Vacancy of ASHA in Budge Budge-II Block**

Vacancy No.	Name of Sub-Division	Name of Block	Name of GP	Name of Sub Centre	Service Area	Part No. of the Concerned Service Area	Total Population of the Service Area	SC Population of the Service Area	% of SC Population	ST Population of the Service Area	% of ST Population	Preference of ST/SC given, if any
9	Alipore(Sadar)	Budge Budge-II	Dongaria Raipur	Dakshin Raipur	Madhya Raipur (Patra, Adhikary Para)	260	1400	0	0	0	0	
10	Alipore(Sadar)	Budge Budge-II	Dongaria Raipur	Maniklal Mondal SC	D.Raipur CT (Molla Para)	267	1300	0	0	0	0	
11	Alipore(Sadar)	Budge Budge-II	Dongaria Raipur	Uttar Raipur	D.Raipur CT Hatpara (Bag & Pal Para)	256, 257	1044	0	0	0	0	
12	Alipore(Sadar)	Budge Budge-II	Dongaria Raipur	Arabinda Mondal SC	Dongaria (Kotal & Pal Para)	268, 269	1112	0	0	0	0	
13	Alipore(Sadar)	Budge Budge-II	Burul	Biplabi Tirtha Naldari SC	Bahirkunja (Halder, Ghosh & Gayen Para)	247	1000	0	0	0	0	
14	Alipore(Sadar)	Budge Budge-II	Burul	Biplabi Tirtha Naldari SC	Bahirkunja (Panja & Muslim Para)	245, 246	800	0	0	0	0	
15	Alipore(Sadar)	Budge Budge-II	Satgachia	Satgachia	Chakbansberia (Jamader Para)	209	1097	150	13.67	0	0	

*Smrity*  
 Signature of BDO  
 Budge Budge-II Block  
**Block Dev. Officer**  
**Budge Budge-II**  
**Dongaria, South 24 Pgs.**

Counter Signed

*M.M.*  
 Signature of SDG  
 Alipore (Sadar) Sub-Division  
**Sub-Divisional Officer**  
**Sadar, Alipore,**  
**South 24 Parganas**

*Partha Ranjan Sen*  
 Signature of BMOH  
 Budge Budge II Block  
**Block Medical Officer of Health**  
**Budge Budge Block-II**  
**L.B. Dutta R. Hospital**  
**Muchisha, 24 Parganas (S)**  
**Govt. of West Bengal**

Counter Signed

Signature of CMOH

South 24 Parganas Health District

*5/8.22*  
**Chief Medical Officer of Health**  
**South 24 Parganas**